



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



নম্বর: ১৩.০১.০০০০.০৬২.২৫.০০১.১৯.২৩৯

তারিখ: ২৫ কার্তিক ১৪২৮

১০ নভেম্বর ২০২১

অফিস আদেশ


খাদ্য অধিদপ্তরধীন জেলা/সংস্থাপনাসমূহের বকেয়া নিরীক্ষা সম্পন্নের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য একটি সম্ভাব্য কর্মসূচি প্রণীত হয়েছে। উক্ত সম্ভাব্য কর্মসূচির আওতাভুক্ত ৪৭টি জেলার মধ্যে ১৬টি জেলার নিরীক্ষা সম্পন্নের লক্ষ্যে ৮টি নিরীক্ষা দল মাঠ পর্যায়ে নিয়োজিত রয়েছে। পেনশনধারীদের ব্যক্তিগত আবেদনের প্রেক্ষিতে নওগাঁ, জয়পুরহাট, শেরপুর ও ঝিনাইদহ জেলার নিরীক্ষা সম্পন্নের জন্য মাঠ পর্যায়ে নিয়োজিত নিম্নের ২টি দলকে নামের পার্শ্বে বর্ণিত জেলার সকল সংস্থাপনার জুন/২০২১ পর্যন্ত সাধারণ নিরীক্ষা সম্পন্নের নির্দেশ প্রদান করা হলো।

ক্রমিক নং	নিরীক্ষা দলের সদস্যদের নাম	জেলা	নিরীক্ষা সন
১।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সুপারিনটেনডেন্ট (দলনেতা) জনাব মোঃ তাইফুর রহমান, অডিটর (সদস্য)	নওগাঁ জয়পুরহাট	জুলাই/১৭-জুন/২০২১ জুলাই/১৭-জুন/২০২১
২।	জনাব মোঃ ফখরুল ইসলাম, সুপারিনটেনডেন্ট (দলনেতা) জনাব মো: মাসুদ রানা, অডিটর (সদস্য)	শেরপুর ঝিনাইদহ	জুলাই/১৭-জুন/২০২১ জুলাই/১৭-জুন/২০২১

প্রয়োজনীয় নির্দেশনা:

- (১) সরকারি অর্থ সাশ্রয়ের দিক বিবেচনায় রেখে সাধারণভাবে জেখানি দপ্তর ও সদর এলএসডি প্রতিক্ষেত্রে ৪ দিন করে, প্রতিটি এলএসডি ২/৩ দিন (প্রয়োজন মতে) করে এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় প্রতিক্ষেত্রে ২ দিন করে সংস্থাপনাগুলো বিন্যাসপূর্বক জেলাভিত্তিক ভ্রমণসূচি প্রণয়ন করবেন এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিস্বাক্ষরে ভ্রমণ সূচির কপি সত্বর সদর কার্যালয়ে প্রেরণ করবেন;
- (২) নিরীক্ষাকালে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন বিভাগ হতে জারিকৃত হালনাগাদ নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে;
- (৩) গতানুগতিক নিরীক্ষা প্রতিবেদনের পরিবর্তে প্রোফার্মা অনুসরণপূর্বক স্বয়ংসম্পূর্ণ নিরীক্ষা প্রতিবেদন সদর কার্যালয়ে দাখিল করতে হবে;
- (৪) নিরীক্ষাকালে অপ্রত্যাশিত কোন আর্থিক অনিয়ম/সরকারি ক্ষতি দৃষ্টিগোচর হলে তা নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্তসহ যথাযথ কর্তৃপক্ষকে দ্রুত অবহিত করতে হবে;
- (৫) এলএসডি/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় নিরীক্ষাকালে সাপ্তাহিক মজুত প্রতিবেদনে অন্তর্ভুক্ত খাদ্যশস্য ও অন্যান্য দ্রব্যাদির প্রারম্ভিক মজুদ, অন্য কেন্দ্র হতে প্রাপ্তি, অন্য কেন্দ্রে প্রেরণ, সংগ্রহ, বিলি বিতরণ, মিলে ধান প্রেরণ ও চাল প্রাপ্তি, পরিবহণ ও গুদাম ঘাটতি এবং সমাপ্তি মজুতের হিসাব জেলার জাতীয় সাপ্তাহিক মজুদ প্রতিবেদনের সাথে সঠিকতা যাচাই করতে হবে।
- (৬) নিরীক্ষাকালে পরিবহণ ও শ্রম হস্তার্গণ ঠিকাদারের যাবতীয় বিল পরিশোধের বিষয়টি পুঞ্জানুপুঞ্জভাবে যাচাই করতে হবে।
- (৭) নিরীক্ষা কার্যক্রম সুস্থভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিরীক্ষাদলকে চাহিদাকৃত প্রয়োজনীয় রেকর্ডপত্র সরবরাহসহ সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।



১১-১১-২০২১

মোঃ জামাল হোসেন

অতিরিক্ত পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫০৩১০

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৮৮৯১

ইমেইল: adl.ia@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৬২.২৫.০০১.১৯.২৩৯/১


তারিখ: ২৫ কার্তিক ১৪২৮

১০ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৩) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঝিনাইদহ
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নওগাঁ
- ১০) জেলা সহকারী খাদ্য নিয়ন্ত্রক (রুটিন দায়িত্ব), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর
- ১২) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সুপারিনটেনডেন্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৩) জনাব মোঃ ফখরুল ইসলাম, সুপারিনটেনডেন্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৪) জনাব মোহাম্মদ মাসুদ রানা, অডিটর, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৫) জনাব মোঃ তাইফুর রহমান, অডিটর, অডিট শাখা, খাদ্য অধিদপ্তর
- ১৬) অফিস কপি/মাস্টার নথি, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ



১১-১১-২০২১

মোঃ জামাল হোসেন

অতিরিক্ত পরিচালক